গাংনীতে বিএনপির প্রতিষ্ঠা বার্ষিকীতে যাওয়ায় যুবদল নেতার উপর হামলা

বিএনপির প্রতিষ্ঠা বার্ষিকীর মিছিলে আসায় সাজেদুল ইসলাম (৩৬) নামের ওয়ার্ড যুবদলের সাংগাঠনিক সম্পাদককে লাঠি দিয়ে পিটিয়ে আহত করেছে বলে অভিযোগ উঠেছে।
শনিবার (৩ সেপ্টেম্বর) দিবাগত রাত ৮ টার দিকে গাংনী উপজেলার বেতবাড়িয়া গ্রামের ঘাটপাড়া এলাকায় এ ঘটনা ঘটে।
আহত সাজেদুর রহমান বেতবাড়িয়া গ্রামের ঘাটপাড়া এলাকার আব্দুস সালামের ছেলে।
আহত সাজেদুরকে স্থানীয়রা উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেছেন।
বেতবাড়িয়া গ্রামের স্থানীয় আওয়ামীলীগ কর্মী মিলন হোসেন ও কোবরুল ইসলাম তাকে মিরপিট করেছে বলে জানান তিনি।
সাজেদুর বলেন, ১ তারিখে বিএনপির প্রতিষ্ঠা বার্ষিকীর সমাবেশে বিপুল পরিমান কর্মী সমর্থক নিয়ে এসেছিলাম। তারপর থেকে আমাকে মারার ঘোষণা দেই তারা। শনিবার সন্ধ্যার পর বাজার থেকে বাড়িতে ফেরার সময় তার আমার উপর অতর্কিত হামলা চালায়। আমাকে স্থানীয়রা তার হাত থেকে রক্ষা করে হাসপাতালে পাঠান।
এঘটনায় মামলা দায়ের করার প্রস্ততি নিচ্ছেন বলে জানান আহত সাজেদুল।
তবে, অভিযুক্তদের সাথে যোগাযোগ করার চেষ্টা করা হলেও তাদের পাওয়া যায়নি।

গাংনীতে বিএনপি – ছাত্রলীগ হামলা পাল্টা হামলায় শহর রণক্ষেত্র

গাংনী উপজেলা বিএনপি ও ছাত্রলীগের মধ্যে হামলা পাল্টা হামলার ঘটনায় উপজেলা শহর এখন রণক্ষেত্রে পরিণত হয়েছে।

বিএনপির অফিসে ব্যাপক ভাংচুর। পুলিশ মোতায়েন।

বেলা ১২ টার দিকে উপজেলা ও পৌর বিএনপি অফিসে বিএনপির কেন্দ্রীয় কর্মসূচীর অংশ হিসেবে বৈঠক চলছিল। এসময় ছাত্রলীগের একটি মিছিল গাংনী সরকারী ডিগ্রী কলেজ থেকে শুরু হয়ে এসে বিএনপি অফিসে হামলা চালায়।

এসময় বিএনপি অফিস থেকে এ হামলার প্রতিরোধ গড়ে তুলতে দেশীয় তৈরী অস্ত্র ও লাঠি শোঠা নিয়ে ছাত্রলীগের উপর প্রতিরোধ করে। এসময় ছাত্রলীগের নেতা কর্র্মীরা দিকবিদিক ছুটে পালিয়ে যায়।

এসময় গাংনী থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাকের নেতৃত্বে পুলিশের একটি বিরাট ইউনিট উপজেলা শহরে এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে নেন। পরে ছাত্রলীগগের নেতা কর্মীরা আবারো জড় হয়ে এসে বিএনপি অফিসে ব্যাপক হামলা চালায়। বিএনপির অফিসের সাইনবোর্ড ছিড়ে ফেলে। পরে বিরাট বিক্ষোভ মিছিল শুরু হয়। বর্তমানে গাংনী উপজেলা শহর রণক্ষেত্রে পরিণত হয়েছে।

বিস্তারিত আসছে—-

মেহরপুর জেলা যুবদলের উদ্যোগে খাদ্য সামগ্রী বিতরণ

মেহেরপুরে জেলা যুবদলের উদ্দ্যেগে, করোনাভাইরাসের প্রাদুর্ভাবে আজ বৃহস্পতিবার সকালে, মেহেরপুর সদর উপজেলার ৭টি গ্রামে কর্মহীন দুঃস্থ ও অসহায় ঘরবন্দি, ৭০০ পরিবারের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করেন মেহেরপুর জেলা বিএনপি’র সভাপতি ও মেহেরপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য জনাব মাসুদ অরুন।

খাদ্য সামগ্রী বিতরণে উপস্থিত ছিলেন- মেহেরপুর জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, সাধারণ সম্পাদক কাওসার আলী, সহ-সভাপতি মোশাররফ হোসেন তপু, বাবু সাবের, যুগ্ম-সাধারণ সম্পাদক সাইদুর

রহমান সুজন, নওশেল আহমেদ রনি, সহ-সাংগঠনিক সম্পাদক শিমুল বিশ্বাস, সদর উপজেলা যুবদলের আহবায়ক লিয়াকত আলী, মুজিবনগর উপজেলা যুবদলের যুগ্ম-আহবায়ক খোরশেদ আলম দুখু।

এছাড়াও উপস্থিত ছিলেন- মেহেরপুর জেলা বিএনপি’র সহ-সভাপতি ওলি মোহাম্মদ, যুগ্ম-সম্পাদক আরজুল্লাহ মাষ্টার বাবলু, জেলা বিএনপি’র অন্যতম নেতা শাহজাহান শাহান সহ সদর উপজেলা বিএনপি ও অঙ্গ-সংগঠনের নেতৃবৃন্দ।

গাংনী উপজেলা ও পৌর যুবদলের আহবায়ক কমিটি গঠন

মেহেরপুরের গাংনী উপজেলা ও পৌর যুবদলের আহবায়ক কমিটি গঠন করা হয়েছে। গত বুধবার মেহেরপুর জেলা যুবদলের সভাপতি জাহিদুল ইসলাম জাহিদ ও সাধারণ সম্পাদক কাউছার আলী এ কমিটির অনুমোদন দেন।

বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদল গাংনী উপজেলা আহবায়ক করা হয়েছে সাবেক ছাত্র নেতা মো: মালেক হোসেন চপল বিশ্বাস ও গাংনী সরকারী ডিগ্রী কলেজ ছাত্রদলের সাবেক সভাপতি জাহিদুল ইসলাম জাহিদ কে সদস্য সচিব করে ৩১ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়।

অপরদিকে গাংনী পৌর যুবদলের আহবায়ক করা হয়েছে পৌরসভার প্যানেল মেয়র ও ৮ নং ওয়ার্ড কাউন্সিলর সাহিদুল ইসলামকে ও ৯ নং ওয়ার্ড কাউন্সিলর এনামুল হককে সদস্য সচিব করে ২০ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়।

বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের গাংনী উপজেলা আহবায়ক করা হয়েছে সাবেক ছাত্র নেতা মো: মালেক হোসেন চপল বিশ্বাস সকলের সহযোগীতা কামনা করেন।

এদিকে সদ্য গঠিত এ কমিটিকে অভিনন্দন জানিয়েছেন, মেহেরপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য ও মেহেরপুর জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন, সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টন, যুগ্ম সাধারণ সম্পাদক ও

বামন্দী ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আব্দুল আওয়াল,

সাংগঠনিক সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান জুলফিকার আলী ভুট্টো, গাংনী উপজেলা বিএনপির সভাপতি রেজাউল হক, সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু, ধানখোলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আখেরুজ্জামান, ষোলটাকা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মনিরুজ্জামান মনি, রাইপুর ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আলফাজ উদ্দীন সহ বিএনপির বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ।

এছাড়াও মেহেরপুর সদর উপজেলা ও মুজিবনগর উপজেলা যুবদলেরও আহবায়ক কমিটি অনুমোদন দেওয়া হয়েছে।

মেপ্র/আরপি